# গাজী নজরুলকে জামায়াত থেকে বহিষ্কারের পর সাতক্ষীরায় মিষ্টি বিতরণ



ছবি: সংগৃহীত

সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে জামায়াতে ইসলামী থেকে বহিষ্কারের খবর ছড়িয়ে পড়ার পর তার নির্বাচনী এলাকায় মিষ্টি বিতরণ করা হয়েছে। বুধবার শ্যামনগর সদরে স্থানীয় কয়েকজনকে সাধারণ মানুষের মধ্যে মিষ্টি বিতরণ করতে দেখা যায়।

এদিকে, দল থেকে বহিষ্কারের পাশাপাশি গাজী নজরুলের বিরুদ্ধে আরও কঠোর সাংগঠনিক ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন জামায়াতের সাধারণ সমর্থকদের কেউ কেউ। বহিষ্কারের সিদ্ধান্ত প্রকাশের পর শ্যামনগর উপজেলা জামায়াত কার্যালয় এলাকায়ও উত্তেজনাপূর্ণ পরিস্থিতি তৈরি হয় বলে জানা গেছে।

বিষয়টি নিয়ে প্রতিক্রিয়া জানিয়ে শ্যামনগর উপজেলা বিএনপির সাবেক আহ্বায়ক সোলায়মান কবির বলেন, নৈতিক স্খলনের অভিযোগে গাজী নজরুলকে বহিষ্কারের সিদ্ধান্তকে তিনি স্বাগত জানান। তবে তার মতে, দলীয় পদ থেকেও তাকে সরিয়ে দেওয়া উচিত।

LENS ASIA

সাতক্ষীরা জেলা জামায়াতের সাধারণ সম্পাদক মাওলানা আজিজুর রহমান বলেন, কেন্দ্রের সিদ্ধান্তকে তারা ইতিবাচকভাবে দেখছেন। তিনি বলেন, জামায়াতে ইসলামী একটি নৈতিক মূল্যবোধসম্পন্ন সংগঠন এবং সে বিবেচনায় কেন্দ্র যথাযথ সিদ্ধান্ত নিয়েছে। এ ঘটনায় দলের ভাবমূর্তিতে কিছুটা নেতিবাচক প্রভাব পড়লেও সিদ্ধান্তের মাধ্যমে তা কাটিয়ে ওঠা সম্ভব হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

এর আগে গাজী নজরুল ইসলামের পদত্যাগের দাবিতে শ্যামনগরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। সচেতন নাগরিক সমাজের ব্যানারে আয়োজিত মিছিলটি বুধবার (২২ জুলাই) দুপুরে উপজেলার প্রধান সড়ক প্রদক্ষিণ করে প্রেসক্লাব চত্বরে গিয়ে শেষ হয়। সেখানে বিক্ষোভকারীরা গাজী নজরুলের কুশপুত্তলিকা পোড়ান।

সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে গাজী নজরুল ইসলামের একটি ব্যক্তিগত ভিডিও ছড়িয়ে পড়াকে কেন্দ্র করে তাকে নিয়ে ব্যাপক আলোচনা তৈরি হয়। ভিডিওটিতে একটি কক্ষে এক তরুণীর সঙ্গে তাকে ঘনিষ্ঠ অবস্থায় দেখা যায়।